



# কেমব্রিজ সিটি ভাড়াটেদের অধিকার ও সংস্থান

ভাড়াটেদের অধিকার ও সংস্থান বিজ্ঞপ্তি

অধ্যাদেশ

কেমব্রিজ মিউনিসিপ্যাল কোডের অধ্যায় 8.71

কেমব্রিজ সিটি, ম্যাসাচুসেটস

কার্যকর: 14 অক্টোবর, 2020

কেমব্রিজকে নিজের ঘর করে নেওয়ায় কেমব্রিজ সিটি খুশি!

কেমব্রিজে একজন ভাড়াটে হিসাবে আপনার অধিকার এবং দায়িত্ব বুঝতে সাহায্য করার জন্য, এবং আপনি 14 অক্টোবর, 2020 থেকে কার্যকর সংস্থান সম্পর্কে সচেতন তা নিশ্চিত করতে, কেমব্রিজ সিটির নিয়ম অনুসারে এখন মালিক, বাড়িওয়ালা এবং ম্যানেজমেন্ট কোম্পানিদের আপনার লিজ বা ভাড়ার শুরুর এবং তা বন্ধ হওয়ার সময়ের তথ্য প্রদান করতে হবে। ভাড়াটেদের অধিকার ও সংস্থানের অধ্যাদেশের বিজ্ঞপ্তি এখানে পাবেন: [www.CambridgeMA.gov/tenantsrights](http://www.CambridgeMA.gov/tenantsrights)

যদিও সিটি আইনি পরামর্শ প্রদান করতে পারে না, তাও যদি আপনার ভাড়াটে থাকাকালীন কোন পর্যায়ে আপনার কোন প্রশ্ন থাকে বা কোন আবাসন বা আবাসন সংক্রান্ত প্রয়োজনে সাহায্যের প্রয়োজন হয় তাহলে কোন আইনজীবীর সঙ্গে যোগাযোগ করুন বা এখানে যোগাযোগ করতে কল/ইমেল করুন:

- Office of the Housing Liaison: 617-349-6337 / [mpensak@CambridgeMA.gov](mailto:mpensak@CambridgeMA.gov)
- Multi Service Center: 617-349-6340 / [mmelo@CambridgeMA.gov](mailto:mmelo@CambridgeMA.gov)
- Mass Attorney General's Guide to Landlord/Tenant Rights: <https://www.mass.gov/doc/the-attorney-generals-guide-to-landlordtenant-rights/download>

এই সামগ্রীতে প্রদত্ত সমস্ত তথ্য পড়ুন।

এতে তথ্যের 3টি বিভাগ আছে:

- ভাড়াটের দায়িত্ব ও পরামর্শ
- ভাড়াটের অধিকার
- ভাড়াটের সংস্থান

**This is an important notice. Please have it translated.**

Este é um aviso importante. Por favor, traduza-o.

Este es un aviso importante. Por favor, tradúzcalo.

Sa a se yon avi enpòtan. Tanpri fè yo tradui li.

Kani waa ogeysiis muhiim ah. Fadlan turjum.

ይህ ጠቃሚ ማሳወቂያ ነው። አባክዎ አስተርጓሙ ይዩዙት።

这是重要的通知。请翻译此通知。

এটি একটি গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি। অনুগ্রহ করে এটিকে অনুবাদ করান।

هذا إشعار مهم، يُرجى ترجمته

# ভাড়াটের দায়িত্ব ও পরামর্শ

ভাড়া দেয়া:

লিজ বা ভাড়া চুক্তিতে বা অন্যভাবে সম্মত হিসাবে নির্ধারিত ভাড়া সময়মত প্রদান করা একজন ভাড়াটের দায়িত্ব।

আপনি যদি আর্থিকভাবে কষ্টে থাকেন, দয়া করে সহায়তা নিন! আপনার নাগরিকত্ব বা আইনগত অবস্থা যাই হোক না কেন, অনেক স্থানীয় এবং অঙ্গরাজ্য সংস্থা আপনাকে আর্থিকভাবে সহায়তা করতে পারে। অনুগ্রহ করে উপরের একটি নম্বরের সঙ্গে অথবা এই গাইডের রিসোর্স বিভাগে যোগাযোগ করুন।

ইউটিলিটি এবং অন্যান্য প্রয়োজনীয় আবাসন খরচ দেয়া:

যদি আপনি মনে করেন যে আপনার ভাড়া চুক্তি বা লিজ দ্বারা আপনার নামে ইউটিলিটি সার্ভিস করাবেন, তাহলে আপনার জন্য এটি করা গুরুত্বপূর্ণ।

যদি আপনার ইউটিলিটির পেমেন্ট করতে অসুবিধা হয় এবং/অথবা আপনার নামে নতুন ইউটিলিটি সার্ভিস করতে সমস্যা তৈরি করছে এমন বকেয়া আছে, তাহলে 617-349-6340 নম্বরে সাহায্যের জন্য কেমব্রিজ মাল্টি সার্ভিস সেন্টারের সাথে যোগাযোগ করুন।

আপনার ইউনিটের রক্ষণাবেক্ষণ:

আপনার ইউনিটের মালিককে একটি নিরাপদ এবং স্বাস্থ্যকর ভবন বজায় রাখতে সহায়তা করুন। আমরা এমন একটি শহরে বাস করি যেখানে হুঁদুর এবং পোকামাকড় সহবাস করতে পছন্দ করে। আপনার ইউনিট এবং বিল্ডিংকে এই কীটপতঙ্গ থেকে নিরাপদ রাখতে অনুগ্রহ করে এইসব পরামর্শ অনুসরণ করুন:

- সবসময় শুকনো পেট ফুড একটি এয়ার-টাইট ভারী প্লাস্টিক বা ধাতব পাত্রে রাখুন।
- যদি আপনার হুঁদুর বা কীটপতঙ্গের সমস্যা থাকে, তাহলে খাবার ক্যানবিনেটে থাকলেও সমস্ত শুকনো খাবার যেমন ম্যাকস, ভাত, পাস্তা ইত্যাদি বাস্তব রাখুন।
- মালিক বা ম্যানেজমেন্ট কোম্পানির নির্মূল করতে এলে তাদের সঙ্গে কাজ করুন।
- সর্বদা আপনার আবর্জনা ব্যারেলের ঢাকনা বন্ধ রাখুন। যদি একটি ডাম্পস্টার ব্যবহার করেন, তাহলে ঢাকনা বন্ধ করতে ভুলবেন না। আপনার যদি ট্র্যাশ ভর্তি হয়ে যায়, তাহলে আরও ব্যারেলের অনুরোধ করার জন্য আপনার বাড়িওয়ালার সাথে যোগাযোগ করুন।
- যদি আপনার ট্র্যাশ ব্যারেলে ছিদ্র থাকে, তাহলে আবর্জনা ফেলবেন না, আপনার বাড়িওয়ালার সাথে যোগাযোগ করুন, কারণ হুঁদুরের কার্যকলাপ রোধ করতে সেগুলো বদলাতে হবে।
- যদি আপনি কোন হুঁদুরের কার্যকলাপ লক্ষ্য করেন, তাহলে পরিদর্শনের অনুরোধ করতে সিটি অব ক্যামব্রিজ ইন্সপেকশনাল সার্ভিসেস ডিপার্টমেন্টের সাথে 617-349-6100 নম্বরে যোগাযোগ করুন, যাতে তারা বাড়িওয়ালার সাথে কাজ করতে পারেন।
- যদি আপনি সংগ্রহ, মজুদ বা রক্ষণাবেক্ষণ নিয়ে সমস্যায় আছেন, তাহলে অনুগ্রহ করে সম্পদ বিভাগে উপলব্ধ সহায়ক ফ্রি সার্ভিসের সুবিধা নিন।

ভাড়াটে বিমা ক্রয় করুন:

কিছু বাড়িওয়ালার ভাড়াটে বিমা আবশ্যিক বলে মনে করেন। যদিও রাজ্য বা স্থানীয় আইন দ্বারা আপনি ভাড়াটের বিমা কিনতে বাধ্য নন, যদি আপনার লিজের শর্তাবলী অনুসারে এটি করা প্রয়োজন হয়, তাহলে তা অবশ্যই করুন। এমনকি আপনার লিজের শর্তাবলী দ্বারা প্রয়োজন না হলেও, ভাড়াটে বিমা কেনা ভালো কাজ। ম্যাসাচুসেটসে গড় খরচ প্রতি মাসে \$16। যদি আপনার ইউনিটে কিছু ঘটে থাকে (আগুন লাগা, বন্যা ইত্যাদি), তাহলে আপনার সম্পদ মালিকের বিমা দ্বারা নাও করা থাকতে পারে।

লিজের তারিখ:

আপনার লিজ বা ভাড়া চুক্তির তারিখগুলি ভালো করে দেখুন এবং পুনর্নির্ধারণের সময়, একটি নতুন লিজ স্বাক্ষর করুন। চুক্তিতে ভাড়াটের অধিকার থাকলেও, লিজে যেমন বলা আছে সেই একই অধিকার নাও থাকতে পারে।

সহায়তা পাওয়া:

আবাসন সমস্যা এবং আপনার অধিকার এবং দায়িত্ব বিভ্রান্তিকর হতে পারে। আমরা আইনি পরামর্শ দিতে পারি না, কিন্তু আমরা আপনার কিছু প্রশ্নের উত্তর দিতে এবং আপনাকে আইনি বা অন্যান্য সংস্থায় পাঠাতে পারি। আপনার ভাড়াচার, সাশ্রয়ী মূল্যের আবাসন বা আবাসন সংক্রান্ত বিষয়ে সিটিতে কার সাথে যোগাযোগ করতে হয় সে সম্পর্কে প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে 617-349-6337 নম্বরে সিটি হাউজিং লিয়াজোঁ অফিসে কল করুন অথবা mpensak@CambridgeMA.gov-এ ইমেইল করুন।

**যোগাযোগ করুন! আপনার বাড়িওয়ালার বা আমাদের সঙ্গে কথা বলুন। আসুন একসঙ্গে কাজ করা যাক!**



# ভাড়াটের অধিকার

শুধুমাত্র কোন আদালত একজন ভাড়াটেকে তার বাসা ত্যাগ করার আদেশ দিতে পারে।

এটি মনে রাখা সবচেয়ে গুরুত্বপূর্ণ! যদি বাড়িওয়ালা আপনাকে ছেড়ে যাওয়ার নোটিশ দেয়, তার মানে এই নয় যে আপনাকে ছেড়ে যেতে হবে। একটি আদালত প্রক্রিয়া রয়েছে যা ভাড়াটেকে তার বাসা ছাড়তে বাধ্য করার আগে অনুসরণ করতে হবে। আদালতে না গিয়ে উচ্ছেদ ঠেকানোর চেষ্টা করার জন্যও সাহায্য পাওয়া যায়।

একটি উচ্ছেদ প্রক্রিয়ার প্রাথমিক পদক্ষেপ:

## 1. প্রস্থান করার নোটিশ

- বেশিরভাগ ক্ষেত্রে, একজন বাড়িওয়ালা প্রস্থান করার নোটিশ জারি করবেন। এটি হাতে হাতে, ডাকযোগে বা একজন কনস্টেবল/শেরিফ দ্বারা পাঠানো হতে পারে। অনেক ধাপের এটিই প্রথম ধাপ।
- বেশিরভাগ ক্ষেত্রে, 7, 14 বা 30 দিনের জন্য নোটিশ দেয়া হয়।
- যদি নোটিশটি ভাড়া না দেওয়ার জন্য হয়, তবে এটি সাধারণত 14 দিনের জন্য এবং আগের ভাড়া পরিশোধের জন্য একটি সময়সীমা থাকে, যদিও ভাড়াটের লিজ থাকে বা না থাকে তবে এটি ভিন্ন হতে পারে (এবং "ইচ্ছায়" হিসাবে বিবেচিত হয়)। মনে রাখবেন সাহায্য পাওয়া যায়!
- অনুগ্রহ করে আইনি পরামর্শ কল করুন অথবা এই গাইডের রিসোর্স বিভাগ থেকে আর্থিক সহায়তার অনুরোধ করুন। অনেক বাড়িওয়ালা ভাড়াটেকদের প্রচেষ্টা দেখে আরো সময় দেবেন।
- আপনার বাসা না ছাড়ায় বাঞ্ছনীয়! বিশেষ করে আপনার কাছে ভাড়াচার থাকলে।

## 2. আদালতে অভিযোগ

- যদি কোন ভাড়াটে তার পাওনা (বকেয়া) পরিশোধ না করে এবং পুনর্নিবীকরণ বা অন্য নোটিশের সময়সীমা শেষে না বাসা ছাড়েন, তাহলে বাড়িওয়ালা একজন কনস্টেবল বা শেরিফ অথবা আদালতের সমন পাঠাতে পারে এবং আদালতে অভিযোগ করতে পারে। এতে আদালতের তারিখ, উত্তর দেয়ার তারিখ এবং আদালতের অবস্থান দেয়া থাকে।
- তারিখ এবং সময় খুবই গুরুত্বপূর্ণ, এবং ভাড়াটেকে অবশ্যই সমন এবং অভিযোগে নির্দেশিত এই আদালতের তারিখের হাজির হতে হবে। যদি তালিকাভুক্ত সময় নির্ধারণ করা হবে (to be determined, TBD) এমন হয়, তাহলে সময়সূচিসহ আদালত থেকে আসা অতিরিক্ত চিঠি দেখুন অথবা একজন আইনজীবীর সাথে পরামর্শ করুন বা আরো তথ্যের জন্য আদালতের সাথে যোগাযোগ করুন।

## 3. উত্তর দাখিল করুন

- ভাড়াটের উচিত আদালতে তার উত্তর দাখিল করা এবং অভিযোগের থাকা উত্তর তারিখের মধ্যে বাড়িওয়ালাকে একটি কপি দেয়া।
- ভাড়াটের ভাড়া কেন বাকি আছে, অথবা কেন তার মনে হচ্ছে ভাড়া দেয়া আছে অথবা কেন তার ইউনিট ছেড়ে যেতে হবে না, ইত্যাদির ব্যাখ্যা উত্তরটিতে পাওয়া যেতে পারে। এতে ভাড়াটে বাড়িওয়ালার বিরুদ্ধে যে দাবি করে তা অন্তর্ভুক্ত থাকতে পারে, যেমন স্বাস্থ্য ও নিরাপত্তা বিধি লঙ্ঘন করে এমন অবস্থা।
- একই সময়সীমায় (উত্তর দেয়ার তারিখ), ভাড়াটের ডিসকভারি রিকোয়েস্ট (মামলা সম্পর্কে বাড়িওয়ালার কাছ থেকে তথ্যের জন্য অনুরোধ) দায়ের এবং পরিবেশন করার এবং জুরি বিচারের দাবি করার অধিকার রয়েছে।
- অনুগ্রহ করে একটি উত্তর এবং ডিসকভারি রিকোয়েস্ট দাখিল করতে সহায়তা পান। আপনি [masslegalhelp.org](http://masslegalhelp.org) বা [gbls.org/MADE](http://gbls.org/MADE)-এ যেতে পারেন অথবা তালিকাভুক্ত সংস্থানে কল করুন।

## 4. ট্রান্সফারের অধিকার

- কেমব্রিজ জেলা আদালতে দায়ের করা মামলা ইস্টার্ন আবাসন আদালতে স্থানান্তর করার অধিকার ভাড়াটের থাকতে পারে। ভাড়াটের উচিত তার উচ্ছেদের মামলা স্থানান্তর করা বা না করা সম্পর্কে একজন অ্যাটর্নিকে জিজ্ঞাসা করা।

## 5. আদালতের তারিখ


- ভাড়াটেকে সময়মতো হাজির হতে হবে এবং যদি তা না হয় তবে ভাড়াটে পরাজিত বলে গণ্য হবেন এবং প্রায় 12-14 দিনের মধ্যে সরানোর আদেশ দেয়া হতে পারে।
- ভাড়াটের আদালতের তারিখ আদালত দ্বারা দূরবর্তীভাবে ফোন বা ভিডিও দ্বারা নির্ধারণ করা হতে পারে। যদি ভাড়াটে দূর থেকে তার শুনানিতে অংশ নিতে না পারেন, তাহলে আদালতে এসে শুনানির অনুরোধ করার জন্য এখনই আদালতে কল করুন।
- যদি কিছু ঘটে এবং ভাড়াটে না আসতে পারেন, তবে তিনি অনাদায়ী অপসারণের জন্য একটি প্রস্তাব দাখিল করতে পারে, কিন্তু যত তাড়াতাড়ি সম্ভব এটি করতে হবে।

- যদি বাড়িওয়ালা এবং ভাড়াটিয়া উভয়ই হাজির হন, সেক্ষেত্রে আদালত প্রায়ই মধ্যস্থতার প্রস্তাব দেয়। যদি উভয় পক্ষই মামলা নিষ্পত্তিতে সম্মত হন, তবে আদালতের নথিতে সই করা হয়। ভাড়াটের এমন কিছু সই করা উচিত নয় যা তিনি অনুসরণ করতে পারেন না, যেমন একটি ঋণ পরিশোধের পরিকল্পনা যা অসাধ্য। আবারও, একজন অ্যাটার্নির সাহায্য নিন।
  - যদি একটি চুক্তি না হয়, তাহলে একটি বিচারক বা জুরি ট্রায়াল সঞ্চালিত হয়। বিচারক (বা জুরি) বকেয়া ভাড়া এবং পাল্টা দাবির সিদ্ধান্ত নেন এবং ইউনিটের "দখল" কে পাবে তার সিদ্ধান্ত জানান, যার অর্থ ভাড়াটে থাকতে পাবে না চলে যেতে হবে, কিন্তু এটিই শেষ নয়।
6. আপিল
- যদি বাড়িওয়ালা জিতে যান (বিচারে), এবং ভাড়াটে আপিল দায়ের করতে চান, তাহলে এটি করার জন্য একটি সীমিত সময়কাল রয়েছে; সাধারণত আপিল দায়ের করার জন্য ভাড়াটের কাছে 10 দিন থাকে।
7. লেভির নোটিশ

উপরে একটি সাধারণ উচ্ছেদের স্বাভাবিক ধাপগুলি বর্ণনা করে আছে, কিন্তু প্রতিটি ক্ষেত্র ভিন্ন হতে পারে তাই দয়া করে সহায়তা নিন। উচ্ছেদের অভিযোগ পেলে আপনি আইনি সহায়তা চাওয়া বা আদালতে কল করা গুরুত্বপূর্ণ। অনেক আদালতের শুনানি এখন ভিডিও কনফারেন্স বা টেলিফোনে অনুষ্ঠিত হচ্ছে এবং সশরীরে নয়, এবং অভিযোগে তালিকাভুক্ত বিচারের তারিখ পরিবর্তিত হতে পারে। কোর্ট সার্ভিস সেন্টার এবং দিনের জন্য আইনজীবী দূরবর্তীভাবে কাজ করতে পারেন, তাই যখন আপনি প্রস্থানের নোটিশ বা আদালতে অভিযোগ পান তখন আইনি সহায়তা নিন - যত তাড়াতাড়ি সম্ভব!

### উচ্ছেদ প্রক্রিয়ার অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য

- বাড়িওয়ালা ভাড়াটের জন্য তালাবদ্ধ করে রাখতে বা তার ইউটিলিটি বন্ধ করতে পারবে না। যদি এটি ঘটে থাকে, অবিলম্বে আইনি সহায়তা নিন অথবা পুলিশকে কল করুন।
- ফৌজদারি আদালতে যেমন উচ্ছেদ মামলার জন্য বর্তমানে "পরামর্শের অধিকার" নেই। তবে, যেহেতু বেশিরভাগ ম্যানেজমেন্ট কোম্পানিগুলির অ্যাটার্নি আছে, যখনই সম্ভব, আইনি পরামর্শ বা তালিকাভুক্ত অন্যান্য সংস্থার কাছ থেকে আইনি সহায়তা নিন।
- প্রতিটি উচ্ছেদের মামলা আলাদা, তাই ভাড়াটের উচিত যখনই সম্ভব সর্বদা আইনি সহায়তা নেয়া।
- যদি ভাড়াটে অথবা তাদের পরিচিত কেউ সম্পত্তির ক্ষতি করে, স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত উদ্বেগের জন্য দায়ী থাকে, অথবা সম্পত্তিতে অপরাধমূলক কার্যকলাপ পরিচালনা করে থাকে, তাহলে উচ্ছেদ প্রক্রিয়া অন্যান্য পরিস্থিতির চেয়ে দ্রুত অগ্রসর হতে পারে।



# ভাড়াটের সংস্থান

## সিটি রিসোর্স

Multi Service Center	617-349-6340	
Housing Liaison to the City Manager	617-349-6337	mpensak@CambridgeMA.gov
Community Development Department	617-349-4622	housing@CambridgeMA.gov
Human Rights Commission	617-349-4396	hrc@CambridgeMA.gov
Cambridge Commission for Persons with Disabilities	617-349-4692	ccpd@CambridgeMA.gov
Inspectional Services	617-349-6100	inspectionalservices@CambridgeMA.gov
Cambridge Consumer Council	617-349-6150	consumer@CambridgeMA.gov

## আর্থিক সহায়তা (বাসস্থানের জন্য)

Multi Service Center	617-349-6337
----------------------	--------------

## আইনি পরিষেবা এবং মধ্যস্থতা

Cambridge Somerville Legal Services	617-603-2700	
De Novo Center for Justice and Healing	617-661-1010	denovo.org
Just-A-Start Mediation Services	617-494-0444	contact@justastart.org, justastart.org

## সাশ্রয়ী মূল্যের বাসস্থানের সুযোগ

Community Development Department	617-349-4622	housing@CambridgeMA.gov
Cambridge Housing Authority	617-864-3020	cambridge-housing.org
Just-A-Start (c/o Maloney Properties)	617-661-7190	contact@justastart.org
Homeowner's Rehab Inc (HRI)	617-868-4858 ext 200	info@homeownersrehab.org
For inquiries on housing availability	617-491-5466	cchi@wincco.com
Metro Housing Boston	617-859-0400	resourceline@metrohousingboston.org

## ন্যায্য আবাসন

Human Rights Commission	617-349-4396	hrc@CambridgeMA.gov
Cambridge Commission for Persons with Disabilities	617-349-4692	ccpd@CambridgeMA.gov

## সংস্কার প্রতিরোধ ও হস্তক্ষেপ

Transition House	617-868-1650
Crisis Line	617-661-7203

## ক্রেডিট কাউন্সেলিং

CEOC	617-868-2900	ceoccambridge.org/contact/
Just-A-Start	617-918-7525	contact@justastart.org

## ভাড়াটে সংগঠন

Alliance of Cambridge Tenants	617-499-7031	tenants@earthlink.net
CEOC	617-868-2900	ceoccambridge.org/contact/

## সাধারণ আবাসন পরিষেবা (নেভিগেশন, সহায়তা, নির্দেশনা)

Housing Liaison Office	617-349-6337	mpensak@CambridgeMA.gov
Multi Service Center	617-349-6340	
CEOC	617-868-2900	ceoccambridge.org/contact/



# কেমব্রিজ সিটি ভাড়াটেদের অধিকার ও সংস্থান

কেমব্রিজ সিটি  
ভাড়াটেদের অধিকার ও সংস্থান বিজ্ঞপ্তি  
অধ্যাদেশ  
কেমব্রিজ মিউনিসিপ্যাল কোড অধ্যায় 8.71  
প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## সংক্ষিপ্তসার

কেমব্রিজ সিটি ভাড়াটেদের অধিকার ও সংস্থানের অধ্যাদেশ, কেমব্রিজ মিউনিসিপ্যাল কোডের অধ্যায় 8.71 আবাসিক ভাড়াটে এবং বাড়িওয়ালাদের পাশাপাশি ম্যানেজমেন্ট কোম্পানি, রিয়েলটার এবং শহরের আবাসন ইউনিট ভাড়া ও লিজ দেওয়ার সাথে জড়িত কেমব্রিজের বাড়িওয়ালার বা ভাড়াটে হিসেবে তাদের অধিকার ও দায়িত্ব সকলকে অবহিত ও শিক্ষিত করার জন্য প্রতিষ্ঠিত হয়েছে।

অধ্যাদেশের উদ্দেশ্য হল নিশ্চিত করা যে আবাসন সংক্রান্ত তথ্য এবং সংস্থান ব্যাপকভাবে প্রচার করা এবং শহরের অধিবাসীদের, আশেপাশের এলাকা এবং কমিউনিটির জন্য আবাসন স্থিতিশীলতা বজায় রাখার জন্য ভাড়া দেয়ার আগে এবং তার মধ্যে সর্বোত্তমভাবে এগুলো প্রয়োগ করা হয়।

অধ্যাদেশটি সিটি কাউন্সিল 14 সেপ্টেম্বর, 2020 -এ পাস করেছে এবং পাস হওয়ার 30 দিন পর কার্যকর হয়েছে:

14 অক্টোবর, 2020 (“কার্যকরের তারিখ”)। ভাড়াটেদের অধিকার ও সংস্থানের অধ্যাদেশের সম্পূর্ণ বিজ্ঞপ্তি এখানে পাবেন: [www.CambridgeMA.gov/tenantsrights](http://www.CambridgeMA.gov/tenantsrights)

## প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

নিম্নোক্ত প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলীর উত্তরগুলি আইনগত পরামর্শ গ্রহণের জন্য বা অধ্যাদেশ পর্যালোচনা এবং অনুসরণ করার বিকল্প নয়।

বাড়িওয়ালার/ম্যানেজমেন্ট কোম্পানি/ফোরক্লোজিং মালিক হিসেবে একবার এটা কার্যকর হলে আমাকে কী করতে হবে?

নতুন ভাড়ার শুরুতে এবং যদি আপনি বর্তমান ভাড়া কার্যকর তারিখে বা তার পরে সমাপ্ত করে থাকেন, তাহলে আপনাকে আপনার ভাড়ার মৌলিক আবাসন অধিকার এবং সংস্থানের নোটিশ সহ তথ্য প্রদান করতে হবে, যা কেমব্রিজ সিটি তৈরি করবে। এই তথ্য সিটির ওয়েবসাইট থেকে পাওয়া যাবে অথবা সিটি অফিস খোলার থাকার সময় এখান থেকে পাওয়া যাবে: Cambridge Office of the Housing Liaison, 362 Green Street, 1<sup>st</sup> Floor, Cambridge MA 02139।

কখন আমাকে তথ্য প্রদান করতে হবে?

নতুন ভাড়ার জন্য, যখন ভাড়াটে লিজ সই করবে অথবা প্রথমবারের জন্য ভাড়াটে চুক্তিতে করবে অথবা প্রথম মাসের ভাড়ার দরপত্র দেবে তখন তথ্য অবশ্যই প্রদান করতে হবে। ভাড়া সমাপ্ত করার প্রক্রিয়াটি জটিল এবং একজন আইনজীবীর সাথে পরামর্শ নিতে হবে। অধ্যাদেশ অনুসারে ভাড়ার চুক্তি সমাপ্ত করার ক্ষেত্রে আইনি পদক্ষেপ নিলে একজন বাড়িওয়ালাকে তখন ভাড়ার মৌলিক আবাসন অধিকার এবং সংস্থানের নোটিশ সহ তথ্য প্রদান করতে হয়।

# প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

যদি আমি বর্তমান ভাড়াটের সঙ্গে লিজ পুনর্নবীকরণ করছি তাহলে কি কিছু করতে হবে?

আপনি যদি এই অধ্যাদেশের কার্যকর তারিখ (10/14/20) অনুসরণ করে প্রথমবারের জন্য কোনো বর্তমান ভাড়াটের সঙ্গে লিজ পুনর্নবীকরণ করেন তাহলে আপনাকে তথ্য প্রদান করতে হবে। তারপরে, আবার তথ্য প্রদান করা ভাল, তবে আপনাকে প্রতিটি পুনর্নবীকরণের সময় সামগ্রী সরবরাহ করার প্রয়োজন নেই।

একজন ভাড়াটেকে তার ইচ্ছামতো তথ্য সমৃদ্ধ সামগ্রী সরবরাহ করতে হবে?

হ্যাঁ, সমস্ত ভাড়াটে এবং বৈধ দখলদারদের অবশ্যই সামগ্রীর একটি কপি প্রদান করতে হবে।

আমাকে কি ভাড়াটের সই করা তথ্য পাওয়ার রসিদ রাখতে হবে?

অধ্যাদেশ অনুসারে এর প্রয়োজন নেই; তবে, এটি করা ভাল।

অধ্যাদেশ কি আমাকে আমার ভাড়াটেকদের উচ্ছেদ করতে বাধা দেয়?

এই অধ্যাদেশটি বাড়িওয়ালাকে উচ্ছেদ অভিযান শুরু করতে বাধা দেয় না, যদি না অন্যথায় আইন দ্বারা অনুমোদিত হয়। তবে, আবাসন অধিকার এবং সংস্থানের নোটিশ থেকে বাড়িওয়ালা ও ভাড়াটেরা উচ্ছেদ প্রক্রিয়ার সাথে সাথে সম্ভাব্য উপলব্ধ সংস্থান সম্পর্কে জানতে পারে, যেগুলি উচ্ছেদ প্রশমিত করতে এবং প্রতিরোধ করতে পারে। উদাহরণস্বরূপ, যদি আপনি আপনার ভাড়াটে নিয়ে খুশি থাকেন, কিন্তু তারা দেরিতে ভাড়া দেয়, ভাড়া না দেয়ার এই কারণে উচ্ছেদ প্রক্রিয়া শুরু করছেন, তাহলে তথ্য সামগ্রীতে থাকা সংস্থানে আপনি উচ্ছেদের বিকল্প খুঁজে পেতে পারেন। যদি আপনি একটি প্রস্থানের নোটিশ বা অন্য কোনো পদক্ষেপের মাধ্যমে উচ্ছেদ প্রক্রিয়া শুরু করেন, তাহলে আপনাকে একই সাথে অধিকার এবং সংস্থান সম্পর্কে তথ্য প্রদান করতে হবে।

আমি যে ভবনে থাকি সেখানে ভাড়ার একটি মাত্র ইউনিট আছে ও তার মালিক আমি। আমাকে কি অধ্যাদেশ মেনে চলতে হবে?

অধ্যাদেশ একক ইউনিটে বসবাসকারী আবাসিকের ক্ষেত্রেও প্রযোজ্য। উচ্ছেদ প্রক্রিয়া কীভাবে কাজ করে এবং কীভাবে এড়ানো যায় সে সম্পর্কে কিছু মালিক অজ্ঞ হতে পারেন। প্রদত্ত তথ্য বাড়িওয়ালা এবং ভাড়াটেকদের সাহায্য করবে। অধিকার এবং সংস্থান সম্পর্কে জানা মালিকদের সময় এবং অর্থ সাশ্রয় করবে।

কেউ কি এই অধ্যাদেশের প্রয়োজনীয়তা থেকে মুক্ত? এর থেকে কি অব্যাহতি পাওয়া যেতে পারে?

হ্যাঁ, এই অধ্যাদেশটি এক্ষেত্রে প্রযোজ্য নয়: হাসপাতালের ভাড়া ইউনিট, দক্ষ নার্সিং কেন্দ্র বা স্বাস্থ্য কেন্দ্র বা অলাভজনক কেন্দ্র যার প্রাথমিক উদ্দেশ্য হল মদ, মাদক বা অন্যান্য স্বল্পমেয়াদী সহায়তা, চিকিত্সা, সহায়তা বা থেরাপি অথবা মাদকাসক্তি নিরাময় করা। (অনুগ্রহ করে অধ্যাদেশের ধারা 8.71.030 (2)-এ অধ্যাদেশের স্বল্পমেয়াদী চিকিৎসার সংজ্ঞা পড়ুন:

[https://library.municode.com/ma/cambridge/ordinances/code\\_of\\_ordinances?nodeId=1041448](https://library.municode.com/ma/cambridge/ordinances/code_of_ordinances?nodeId=1041448)

উপরন্তু, অধ্যাদেশটি স্বল্পমেয়াদী ভাড়া ইউনিটগুলিতে প্রযোজ্য নয়, যেমনটি কেমব্রিজ জোনিং অধ্যাদেশের অনুচ্ছেদ 4, ধারা 4.60 এ বর্ণিত হয়েছে।

যদি আমি না মেনে চলি তাহলে কি হবে?

অধ্যাদেশের ধারা 8.71.070 "লঙ্ঘনের দণ্ড" এর সম্পূর্ণ পরিধি পড়ুন এবং যদি আপনার কোন প্রশ্ন থাকে তবে একজন আইনজীবীর সাথে পরামর্শ করুন। লঙ্ঘনের জন্য আপনাকে প্রতিদিন \$300 করে জরিমানা করা হতে পারে।

ভাড়াটে হিসাবে আমি কি করব?

তথ্য সমৃদ্ধ সামগ্রী পড়ুন এবং এর সাথে পরিচিত হন। যদি আপনার লিজ সইয়ের সময় আপনাকে তথ্য প্রদান করা না হয়, তাহলে সামগ্রী ডাউন-লোড করতে সিটি ওয়েবসাইটে যান। আপনি আপনার বাড়িওয়ালা বা তাদের ম্যানেজমেন্ট সংস্থার সঙ্গে যোগাযোগ করে তাদেরকে তথ্য প্রদানের বিষয়টি স্মরণ করিয়ে দিতে পারেন। উচ্ছেদ করা হলে কোনো অ্যাটর্নির পরামর্শ নিন।

আরো তথ্য জানতে কার সঙ্গে যোগাযোগ করতে পারি?

617-349-6337 নম্বরে কল করে কেমব্রিজ হাউজিং লিয়াজোঁ অফিসের যে কারও সঙ্গে যোগাযোগ করতে পারেন।

